

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়
সামাজিক বন বিভাগ, ঢাকা
বন ভবন, মহাখালী, ঢাকা-১২১২।

অফিস আদেশ নং- ৫৫

তারিখ :- ১৬/১২/২০২১

অত্র ঢাকা সামাজিক বন বিভাগের জনাব মোহাম্মদ জামশেদ আলম, বাগান মালী এর জন্ম তারিখ ০৫/০১/১৯৭৬ খ্রিঃ তিনি ১০/০৮/১৯৯৪ খ্রিঃ তারিখে চাকুরীতে যোগদান করিয়াছেন, তদানুযায়ী তাহার চাকুরী কাল ২৫ বছরের অধিক হওয়ায় তিনি ০১/১২/২০১৯ খ্রিঃ তারিখ থেকে চাকুরী হইতে স্বেচ্ছায় অবসর গ্রহণের জন্য আবেদন দাখিল করিয়াছেন। উক্ত বাগান মালীর পূর্ণ গড় বেতনে ০১ বছর ০৩ মাস ০৯ দিন এবং অর্ধগড় বেতনে ০২ বছর ০০ মাস ১৮ দিন অর্জিত ছুটি পাওনা আছে। এমতাবস্থায় তাহাকে ০১/১২/২০১৯ ইং তারিখে সরকারী চাকুরী হইতে অবসর গ্রহণের অনুমতি প্রদান করা হইল। চাকুরী (বেতন ও ভাতাদি) আদেশ ২০১৫ এর ১০(২)(ক) বিধান অনুযায়ী ১৯৫৯ সনের নির্ধারিত ছুটি বিধির ৩(১) বিধি মোতাবেক ০২/১২/২০১৯ ইং তারিখ হইতে ০১/১২/২০২০ ইং তারিখ পর্যন্ত পূর্ণ গড় বেতনে ১২ (বার) মাস অবসরোত্তর ছুটি মঞ্জুর করা হইল।

অর্থ মহাপ্রকায়ের অর্থ বিভাগ বাস্তবায়ন অনুবিভাগ কর্তৃক জারীকৃত জাতীয় বেতন স্কেল/২০১৫ এর ১০(২)(খ) বিধি অনুযায়ী উক্ত বাগানমালীকে ১৮ মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রদানের ক্ষেত্রে তাহার অতিরিক্ত পূর্ণ গড় বেতনে পাওনা ০৩ মাস ০৯ দিন এবং অর্ধ গড় বেতনের ০২ বছর ০০ মাস ১৮ দিনের ছুটিকে ০১ বছর ০০ মাস ০৯ দিনে পূর্ণ গড় বেতনে রূপান্তর করিয়া (২ দিনের অর্থ গড় বেতনের ছুটিকে ১ দিনের পূর্ণ গড় বেতনের ছুটিতে রূপান্তর) মোট ১৫ মাস ১৮ দিনের অর্জিত ছুটির বিনিময়ে ১৫ মাস ১৮ দিনের মূল বেতনের সমপরিমাণ অর্থ মূল বেতন ১৫,১২০/- টাকা হারে (১৫১২০/- × ১৫ মাস ১৮ দিন) = ২,৩৫,৮৭২/- (দুই লক্ষ পয়ত্রিশ হাজার আটশত বাহাত্তর) টাকা মাত্র বেতনের বিল প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয় কর্তৃক যাচাই সাপেক্ষে এককালীন প্রদানের মঞ্জুরী প্রদান করা হইল।

—স্বাক্ষর—

(ড. মোঃ জাহিদুর রহমান মিয়া)
বিভাগীয় বন কর্মকর্তা
সামাজিক বন বিভাগ, ঢাকা।
ফোন-৯৮৮৩৫৩০।

সি নং-১১.০১.০০০০.৪০৪.০৫.২৪৭.১৬- ২০৫৬

তারিখ :- ১৬/১২/২০২১

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল :-

- ০১। প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ০২। বন সংরক্ষক, ঢাকা সামাজিক বন অঞ্চল, বন ভবন, মহাখালী, ঢাকা।
- ০৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা। এতদসঙ্গে জনাব মোহাম্মদ জামশেদ আলম, বাগান মালীর ১৫ মাস ১৮ দিনের মূল বেতনের একটি বিল প্রেরণ করা হইল। বিলটি যাচাই পূর্বক অত্র কার্যালয়ে ফেরৎ প্রদানের জন্য আপনাকে অনুরোধ করা হইল।
- ০৪। জনাব মোহাম্মদ জামশেদ আলম, বাগান মালী, সামাজিক বন বিভাগ, ঢাকা।
- ০৫। অফিস কপি।
- ০৬। গার্ড ফাইল।

(ড. মোঃ জাহিদুর রহমান মিয়া)
বিভাগীয় বন কর্মকর্তা
সামাজিক বন বিভাগ, ঢাকা।
ফোন-৯৮৮৩৫৩০।

—স্বাক্ষর—